

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৫৯৮

পর্ব-১১: হজ (এআևনা باتك)

পরিচ্ছেদঃ ৪. দ্বিতীয় অনুচ্ছেদ - 'আরাফায় অবস্থান প্রসঙ্গে

আরবী

وَعَنْ عَمْرِو بْنِ شُعَيْبٍ عَنْ أَبِيهِ عَنْ جَدِّهِ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: خَيْرُ الدُّعَاءِ دُعَاءُ يَوْمِ عَرَفَةَ وَخَيْرُ مَا قُلْتُ أَنَا وَالنَّبِيُّونَ مِنْ قَبْلِي: لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْء قدير . رَوَاهُ التِّرْمِذِي

বাংলা

২৫৯৮-[৭] 'আমর ইবনু শু'আয়ব তাঁর পিতা শু'আয়ব হতে, তিনি তাঁর দাদা ['আব্দুল্লাহ ইবনু 'উমার (রাঃ)] হতে বর্ণনা করেছেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ সকল দু'আর শ্রেষ্ঠ দু'আ হলো 'আরাফার দিনের দু'আ আর শ্রেষ্ঠ কালিমাহ্ (যিকির) যা আমি পাঠ করেছি ও আমার পূর্ববর্তী নবীগণ পাঠ করেছেন তা হলো, ''লা-ইলা-হা ইল্লাল্ল-হু ওয়াহদাহূ লা- শারীকা লাহূ লাহুল মুলকু, ওয়া লাহুল হামদু, ওয়া হুওয়া 'আলা- কুল্লি শাইয়িন কদীর'' (অর্থাৎ- আল্লাহ ছাড়া কোন মা'বৃদ নেই। তিনি অদ্বিতীয়, তাঁর কোন শারীক নেই। তাঁরই রাজত্ব। তার জন্যই সকল প্রশংসা। তিনি সকল শক্তির আঁধার।)। (তিরমিযী)[1]

ফুটনোট

[1] হাসান লিগয়রিহী : তিরমিযী ৩৫৮৫, সহীহ আত্ তারগীব ১৫৩৬, সহীহ আল জামি' ৩২৭৪, সহীহাহ্ ১৫০৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: 'আরাফার দিনের দু'আ সর্বোত্তম দু'আ বলতে, অধিক সাওয়াব পাওয়ার এবং অধিক দু'আ গ্রহণ হওয়ার কথা বুঝানো হয়েছে এবং অন্যান্য দিনের চেয়ে 'আরাফার দিনের মর্যাদা প্রমাণিত হয় বর্ণিত হাদীস দ্বারা। এ দিনে উত্তম দু'আ হচ্ছে, হাদীসে বর্ণিত দু'আটি। এরপর তিনি اللَّهُمُّ اجَعَلُ فِيْ قَلْبِيْ نُوْرًا এ দু'আটি পড়তেন। রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কথা ''আর সর্বোত্তম দু'আ হচ্ছে, যা আমি বলি" এর ব্যাখ্যায় শায়খ দেহলবী (রহঃ) বলেন, অর্থাৎ- আমি দু'আ করতাম, দু'আটি হচ্ছে, اللهُ إِلَّا اللهُ إِلَّا اللهُ إِلَّا اللهُ إِلَّا اللهُ إِلَّا اللهُ ا



হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন